



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours Part-III Examination, 2022

বাংলা

ষষ্ঠ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে গ্রামজীবন ও শহরজীবনের দ্বন্দ্বিকতার প্রেক্ষাপটে মানবমনের নিগূঢ় রহস্যময়তার চিত্রটি পরিস্ফুট করো। ১৫

অথবা

‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসের আঙ্গিকের অভিনবত্ব দেখাও। ১৫

২। একদিকে ইতিহাসের মিথ অন্যদিকে রক্তমাংসের বীর যোদ্ধা এই দুইয়ের নিপুণ সমন্বয়ে নির্মিত হয়েছে বীরসার চরিত্র — আলোচনা করো। ১৫

অথবা

‘অরণ্যের অধিকার’ উপন্যাসে বর্ণিত ইতিহাসের বিচার করতে হবে নিম্নবর্ণের মানুষের ইতিহাসের দৃষ্টিকোণ থেকে। – আলোচনা করো। ১৫

৩। অতি প্রাকৃত গল্পের বৈশিষ্ট্যের প্রেক্ষিতে ‘ক্ষুধিত পাষণ’ গল্পটির বিচার করো। ১৫

অথবা

‘‘পয়লা নম্বর’’ গল্পের অনিলা চরিত্রটির মধ্য দিয়ে পুরুষ-শাসিত সমাজে নারীর প্রতিবাদ ঘোষিত হয়েছে — আলোচনা করো। ১৫

৪। ‘পয়োমুখম’ গল্পে মানব চরিত্রের পৈশাচিকতার অনাবৃত রূঢ় প্রকাশ ঘটলেও ফল পরিণামে পাঠকের প্রত্যাশাই পূর্ণ হয় – আলোচনা করো। ১৫

অথবা

গল্পকারের আর্থ-সামাজিক সচেতনতার একটি উল্লেখযোগ্য জীবন্ত দলিল ‘ফসিল’ – আলোচনা করো। ১৫

৫। মদন চরিত্রের দোলাচলতার জন্য দায়ী তার আর্থ-সামাজিক পরিকাঠামো — ‘‘চোর’’ গল্পটি অবলম্বনে মন্তব্যটির অর্থ পরিস্ফুট করো। ১৫

অথবা

‘এখন প্রেম’ গল্পটি তৎকালীন বাস্তবতার প্রেক্ষাপটে প্রেমের ব্যর্থতার রূপায়ণ — আলোচনা করো। ১৫

৬।(ক) ‘এলে না কেন গো ? ডুরে শাড়ীটি পরে, চুলটি বেঁধে কনে বৌটি সেজে যে বসেছিলাম তোমার জন্য’ – কে, ২+৩
কার জন্য বসেছিল ? বক্তার মনোভাবটি পরিস্ফুট করো।

অথবা

‘রাজপুত্র প্রবীরকে স্বামী হিসাবে পাইয়া মতির সুখের সীমা নাই’ — ‘রাজপুত্র প্রবীর’ কাকে বলা ১+৪
হয়েছে ? তার চারিত্রিক বৈশিষ্ট্য সংক্ষেপে উল্লেখ করো।

(খ) “হা দেখ্ দিকুতে সাহেবে মিলে মোরে বার বার অশুচ করে” – “মোরে” বলতে কার কথা বলা হয়েছে ? ১+২+২
প্রসঙ্গ নির্দেশ করে বক্তব্যটির অর্থ পরিস্ফুট করো।

অথবা

“লিখছি, আর মাঝে মাঝে মাথা তুলে দেখছি। সামনে নদীর দিকে চেয়ে বসে আছে এক জরতী মুণ্ডা মা” ১+১+৩
— উক্তিটি কার ? “মুণ্ডা মা” বলতে কার কথা বলা হয়েছে ? প্রসঙ্গটি উল্লেখ করে তার অবস্থাটি বিবৃত
করো।

(গ) “ওঃ আমাদের ডাক্তারবাবুর কন্যা” – কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গটি যথাযথভাবে বুঝিয়ে লেখো। ১+৪

অথবা

“আমি চললুম, আমাকে খুঁজতে চেষ্টা করো না। করলেও খুঁজে পাবে না।” – বক্তা কে ? উদ্দিষ্ট ব্যক্তি ১+১+৩
কে ? প্রসঙ্গ উল্লেখ পূর্বক উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করো।

(ঘ) “বসতবাড়ি ভাড়া দিয়েছি বলে ভোটের তালিকায় নাম থাকবে না আমার।” – কোন্ গল্পে, কার উক্তি ? ১+১+৩
প্রসঙ্গ উল্লেখ করো।

অথবা

‘সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুব্রত। কিন্তু ঠিক যেন আগেকার মত স্বাদ নেই’ – ১+৪
কোন্ গল্পের অংশ ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) “তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে।” – কে, কাকে, কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছে ? ১+১+৩
প্রসঙ্গ উল্লেখ করো।

অথবা

‘ওস্তাদ ছেলে। পৌত্তলিক হবার পর নিজের দেবতাও বেছে নিয়েছে এমন এক দাড়িওয়ালাকে, যে কলমা ১+১+১+২
পড়ে।’ কে, কাকে একথা বলেছে ? ‘দাড়িওয়ালার’ বলতে কাকে বোঝানো হয়েছে ? উক্তিটির মধ্য দিয়ে
কোন্ মনোভাব প্রকাশ পেয়েছে ?

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to
their own respective colleges on the same day / date of examination within 1 hour after end
of exam. University / College authorities will not be held responsible for wrong submission
(at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the
same answer script.

—x—